

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৪, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯ অগ্রহায়ণ ১৪৩০/ ১৪ ডিসেম্বর ২০২৩

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.৩০০—গত ০৬ ডিসেম্বর ২০২৩ তারিখে বতসোয়ানায় অনুষ্ঠিত সাংস্কৃতিক ঐতিহ্য বিষয়ক ইউনেস্কো কনভেনশনের ১৮তম আন্তঃরাষ্ট্রীয় পরিষদের সভায় ‘রিক্সা ও রিক্সা পেইন্টিং ইন ঢাকা’ শিরোনামে বাংলাদেশের রিক্সাচিত্রকে ইউনেস্কো কর্তৃক বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে স্বীকৃতি প্রদান করে।

০২। সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ দূতাবাস, প্যারিস ও ইউনেস্কো স্থায়ী প্রতিনিধি অফিস এবং বাংলা একাডেমির প্রত্যক্ষ সহযোগিতায় ‘রিক্সা ও রিক্সা পেইন্টিং ইন ঢাকা’ শিরোনামে স্বীকৃতি লাভের উদ্যোগ গ্রহণ করা হয়। ২০১৮ সালে প্রথম রিক্সা পেইন্টিংকে বিশ্ব ঐতিহ্য হিসেবে ইউনেস্কোতে স্বীকৃতি লাভের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। পরবর্তী সময়ে ২০২৩ সালে অনুষ্ঠিত ১৮তম আন্তঃরাষ্ট্রীয় পরিষদের সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশের পঞ্চম বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে ঢাকার রিক্সা ও রিক্সা পেইন্টিং বিশ্ব দরবারে স্থান করে নিয়েছে।

০৩। ‘রিক্সা ও রিক্সা পেইন্টিং ইন ঢাকা’ বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে ইউনেস্কোতে তালিকাভুক্ত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এ সাফল্যে অবদান রাখার জন্য সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়; বাংলাদেশ দূতাবাস, প্যারিস ও ইউনেস্কো স্থায়ী প্রতিনিধি অফিস এবং বাংলা একাডেমিসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে মন্ত্রিসভার ২৬ অগ্রহায়ণ ১৪৩০/১১ ডিসেম্বর ২০২৩ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব

(২৭৯৬৭)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

২৬ অগ্রহায়ণ ১৪৩০
ঢাকা: ১১ ডিসেম্বর ২০২৩

গত ০৬ ডিসেম্বর ২০২৩ তারিখে বতসোয়ানায় অনুষ্ঠিত সাংস্কৃতিক ঐতিহ্য বিষয়ক ইউনেস্কো কনভেনশনের ১৮তম আন্তঃরাষ্ট্রীয় পরিষদের সভায় ‘রিক্সা ও রিক্সা পেইন্টিং ইন ঢাকা’ শিরোনামে বাংলাদেশের রিক্সাচিত্রকে ইউনেস্কো কর্তৃক বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে স্বীকৃতি প্রদান করে।

সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ দূতাবাস, প্যারিস ও ইউনেস্কো স্থায়ী প্রতিনিধি অফিস এবং বাংলা একাডেমির প্রত্যক্ষ সহযোগিতায় ‘রিক্সা ও রিক্সা পেইন্টিং ইন ঢাকা’ শিরোনামে স্বীকৃতি লাভের উদ্যোগ গ্রহণ করা হয়। ২০১৮ সালে প্রথম রিক্সা পেইন্টিংকে বিশ্ব ঐতিহ্য হিসেবে ইউনেস্কোতে স্বীকৃতি লাভের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। পরবর্তী সময়ে ২০২৩ সালে অনুষ্ঠিত ১৮তম আন্তঃরাষ্ট্রীয় পরিষদের সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশের পঞ্চম বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে ঢাকার রিক্সা ও রিক্সা পেইন্টিং বিশ্ব দরবারে স্থান করে নিয়েছে। উল্লেখ্য, বাংলাদেশের জামদানি শিল্প, বাউল গান, শীতল পাটি শিল্প ও মঞ্জল শোভাযাত্রা ইউনেস্কো কর্তৃক বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে স্বীকৃতি লাভ করে।

বাংলাদেশের রিক্সাচিত্র নিবন্ধিত হওয়ার পর আন্তঃরাষ্ট্রীয় পরিষদের সদস্যবৃন্দ, মন্ত্রিবর্গ, রাষ্ট্রদূতসহ শতাধিক দেশের প্রতিনিধিবৃন্দ বাংলাদেশকে অভিনন্দন জানায় এবং এ চিত্রকর্মের বৈচিত্র্যপূর্ণ বহিঃপ্রকাশে তাদের সম্মতি ব্যক্ত করে।

মন্ত্রিসভা মনে করে যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার সংস্কৃতিসহ দেশের বিভিন্ন ক্ষেত্রে বিশেষ গুরুত্বপূর্ণ অবদান রাখায় আন্তর্জাতিক অঙ্গনে এরূপ সাফল্য অর্জন সম্ভব হয়েছে। এর পরিপ্রেক্ষিতে ‘রিক্সা ও রিক্সা পেইন্টিং ইন ঢাকা’ বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে ইউনেস্কোতে তালিকাভুক্ত হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে। মন্ত্রিসভা এ সাফল্যে অবদান রাখার জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়; বাংলাদেশ দূতাবাস, প্যারিস ও ইউনেস্কো স্থায়ী প্রতিনিধি অফিস এবং বাংলা একাডেমিসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছে।